

Definitions of Toilet Facilities Codes Q.203

ফ্লাস ল্যাট্রিন: একটি ফ্লাস টয়লেটে পানি ফ্লাশ বা ঢালার জন্য একটি সিসটার্ণ বা পানি ধরে রাখার ট্যাংক আছে এবং একটি ওয়াটার সিল অর্থাৎ ইংরেজি ইউ অক্ষরের আকৃতির একটি পাই আছে যা বসার প্যানের নিচে অবস্থিত। এটি মাছি ও দুর্গন্ধ প্রতিরোধ করে। একটি পানি ঢেলে ফ্লাস টয়লেটে ওয়াটার সিল আছে ঠিকই, কিন্তু ফ্লাস টয়লেটের ব্যতিক্রম স্বরূপ এতে হাতে পানি ঢেলে ফ্লাস করা হয় (কোনো সিসটার্ণ নেই)।

ফ্লাস করে পাইপের মাধ্যমে অপসারণ: পাইপের মাধ্যমে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (যাকে সুয়ারেজও বলা হয়); এতে মল বর্জ্য ও ব্যবহৃত পানি খানার পরিবেশ থেকে অপসারণ করা হয়। এই ব্যবস্থায় মল বর্জ্য সংগ্রহ, পাম্প করা, treat করা ও ফেলে দেয়া হয়।

ফ্লাস করে ট্যাংকে ধারণ: বাড়ি বা টয়লেট থেকে দূরে, সাধারণত মাটির নিচে অবস্থিত একটি ওয়াটার টাইট মল বর্জ্য বসার ট্যাংক যাতে মল বর্জ্য সংগ্রহ করা হয়।

ফ্লাস করে গর্তে (ল্যাট্রিন) ধারণ: এটি এমন এক ব্যবস্থা যা দ্বারা মাটিতে অবস্থিত কোনো গর্তে মল বর্জ্য ফ্লাস করা হয়।

ফ্লাস করে অন্য কোথাও অপসারণ: সুয়ারেজ, সেপটিক ট্যাংক, কিংবা গর্ত ভিন্ন অন্য কোনো অবস্থান যা খানা পরিবেশের মধ্যে বা কাছাকাছি তাতে মল বর্জ্য জমা করার ব্যবস্থা। অর্থাৎ, মল রাস্তা, আঙ্গিনা/জমি, ড্রেন বা অন্যান্য জায়গায় ফ্লাস করা হয়।

ফ্লাস করে কোথায় অপসারিত হয় তা জানি না: কোথায় যায় জানানো না

পিট ল্যাট্রিন :

বায়ু চলাচলের ব্যবস্থাসহ উন্নতমানে পিট ল্যাট্রিন : ল্যাট্রিনের ছাদের ওপরে সম্প্রসারিত একটি পাইপ দ্বারা হওয়া বাতাস বের করে দেয়া হয় (ভেন্টিলেশন)। এই ভেন্ট পাইপের খোলা মুখে gauze mesh বা মাছি প্রতিরোধক নেট আবরণ রয়েছে, আর এর কাঠামো অক্ষকার রাখা হয়।

পিট ল্যাট্রিন (স্লাবসহ): বাইরে থেকে পানি যাতে গর্তে প্রবেশ করতে না পারে এবং সহজে যাতে পরিষ্কার করা যায় সে জন্য মাটি থেকে উঁচু করে চারপাশে শক্তভাবে নির্মিত স্লাব, প্লাটফর্ম বা সিটযুক্ত ল্যাট্রিন।

পিট ল্যাট্রিন (স্লাববিহীন)/খোলা গর্ত: স্লাব, প্লাটফর্ম বা সিটবিহীন পায়খানা। খোলা গর্ত হলো মল অপসারণের জন্য মাটিতে অবস্থিত কাঁচা গর্ত।

বালতি ল্যাট্রিন: মল (এবং কখনো কখনো মূত্র ও মল পরিষ্কার করার টিস্যু পেপার ইত্যাদি) সংগ্রহ ও সেগুলো treatment বা ফেলে দেয়ার জন্য ব্যবহৃত বালতি বা অন্য কোনো পাত্র।

খোলা/ঝুলন্ত ল্যাট্রিন: এটি নদী, সাগর বা খাল বিলের ওপর নির্মিত পায়খানা যার ফলে মল বর্জ্য সরাসরি পানিতে গিয়ে পড়ে।

লক্ষ্য করুন যে এই প্রশ্নে জানতে চাওয়া হয়েছে অধিকাংশ খানা সদস্যরা কোন ধরনের টয়লেট ব্যবহার করেন কিন্তু এই কথা জানতে চাওয়া হয় নি যে খানার মালিকানাধীন টয়লেটগুলো কোন ধরনের। খানাতে যদি একটি ল্যাট্রিন থাকে কিন্তু অধিকাংশ সদস্য মাঠ ব্যবহার করেন তবে কোনো টয়লেট নেই, রুপবাড়, মাঠ কোডের জন্য কোড 11 বৃত্তায়িত করুন।

Definitions of Water Source Codes for Q. 206

পাইপের পানি:

ঘরের মধ্যে পাইপের পানি: ঘরের ভেতরে এক বা ততোধিক পানির ট্যাপে পাইপের পানির সংযোগ যথা রান্না ঘর ও বাথরুমে কখনো কখনো এটিকে হাউস কানেকশন তথা বাড়িতে পানির সংযোগ বলা হয়।

বাড়ির চত্বরে/আঙ্গিনায় পাইপ: বাড়ির বাইরের আঙ্গিনায় কলের সাথে পানির পাইপের সংযোগ, কখনো কখনো এটিকে ইয়ার্ড কানেকশন তথা বাড়ির আঙ্গিনায় পানির সংযোগ বলা হয়।

সরকারী (পাবলিক) ট্যাপ/স্থায়ী পাইপ: এটি জনগণের জন্য পানির উৎস যেখান থেকে কমিউনিটির সদস্যরা পানি সংগ্রহ করেন। স্ট্যান্ডপাইপকে জনসাধারণের জন্য সংরক্ষিত পানির কলও বলা হতে পারে। এতে এক বা ততোধিক কল থাকতে পারে, আর এটি সাধারণত ইট, বালু ও সিমেন্ট দ্বারা তৈরি হয়ে থাকে।

টিউবওয়েল (নলকূপ): এটি মাটির গভীরে পানির উৎস থেকে পানি উত্তোলনের উদ্দেশ্যে যন্ত্রপাতির সাহায্যে গর্ত খুঁড়ে টিউবওয়েল বসানো। মানুষ, প্রাণী, বায়ু, বিদ্যুৎ ডিজেল বা সৌর শক্তির মাধ্যমে পাম্প চালিয়ে এতে পানি তোলা হয়।

কূপ/হিদারা:

সংরক্ষিত কূপ/হিদারা: একটি খননকৃত কূয়া যা (১) মাটি থেকে উঁচু সীমানা প্রাচীর নির্মাণের দ্বারা ফেলে দেয়া পানি থেকে সুরক্ষিত আর একটি প্লাটফর্ম এতে রয়েছে যা পড়ে যাওয়া পানি কূয়া থেকে দূরে সরিয়ে দেয়; এবং (২) এটি ঢাকনা দেয়া যাতে করে কাক পক্ষীর মল বা বিভিন্ন প্রাণী তাতে পড়ে না যেতে পারে। খননকৃত কূয়া সুরক্ষিত হিসাবে বিবেচনার জন্য উভয় শর্ত পূরণ করতে হবে।

অসংরক্ষিত কূপ/হিদারা: এমন খননকৃত কূয়া যা (১) ফেলে দেয়া পানি থেকে সুরক্ষিত নয়, (২) কাক পক্ষীর মল ও বিভিন্ন প্রাণীর পড়ে যাওয়া থেকে অরক্ষিত; কিংবা (৩) উভয়ই।

বৃষ্টির পানি : ছাদ বা মাটিতে বৃষ্টির পানি ধরে রাখার মতো আধার এবং পরবর্তীতে ট্যাংক, কনটেইনার ইত্যাদিতে বৃষ্টির পানি সংরক্ষণ করা।

ভূ-পৃষ্ঠের পানি (নদী,বাঁধ, লেক, পুকুর, ঝরনা, খাল, সেচ নালা): ভূপৃষ্ঠের পানির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নদী, বাঁধ, লেক, পুকুর, ঝর্ণা, খাল ও চাষাবাদের জন্য জমিতে ছোট সেচ নালা।

বোতলো পানি: যে পানি বোতলে ভরে বিভিন্ন খানায় বিক্রি করা হয়।

BP: রক্তচাপ (OMRON HEM 7111)
(বয়স পু: 18-54, ম: 15-49)

উদ্দেশ্য:

রক্তচাপ নেয়া হয় উত্তরদাতার রক্তচাপের মাত্রা পরীক্ষা করার জন্য। বেশী মাত্রার রক্তচাপ উচ্চ রক্তচাপের একটি ফ্যাক্টর/কারণ

প্রস্তুতি:

- উত্তরদাতাকে ব্যাখ্যা করুন, আপনি মেশিনের সাহায্যে তার রক্তচাপ নিবেন।
- আপনি একটি স্থান খুঁজে বের করুন যেখানে উত্তরদাতা চেয়ারে বসে টেবিল বা কোনো কিছু উপরে হাত রাখতে পারে।

নির্দেশিকা:

- উত্তরদাতাকে বলুন, তার পা আড়াআড়ি না করে আরামে, স্থির হয়ে বসতে।
- আপনি উত্তরদাতার বাম হাত ব্যবহার করবেন যদি না কোন সমস্যা থাকে। প্রয়োজনবোধে উত্তরদাতা হাতা ঘুটিয়ে অথবা উঠিয়ে নিন এবং নিশ্চিত হোন যে গুটিয়ে নেয়া হাতা বাহুর চারপাশে আঁটশাট হয়ে লেগে নেই অথবা রক্ত চলাচলে কোনো বাধা সৃষ্টি করছে না।
- উত্তরদাতার হাত টেবিল বা শক্ত কিছু উপর এমনভাবে রেখে দিন যাতে করে বাহুর মাঝের অংশ হৃদপিণ্ড বরাবর থাকে।
- উত্তরদাতার হাতের তালু উপর দিক করে রাখুন, কাফ এর শেষ প্রান্ত বাহুর পাশ দিয়ে মেটাল লুপের ভেতর দিয়ে পার করে দিন। বাহুর ভিতর দিক থেকে টিউব হাতের কনিষ্ঠ আঙ্গুলের পাশ দিয়ে পার করে দিন। চিত্র: 5B এর মত করে।
- কাফ এর শেষ প্রান্ত টেনে এমনভাবে বাধুন যেন খুব আঁটশাট না হয়। বাহু ও কাফ এর মাঝ দিয়ে যেন আপনার দুটি আঙ্গুল যেন যেতে পারে।
- উত্তরদাতা প্রস্তুত কিনা জিজ্ঞাসা করুন।
- রক্তচাপ মাপার জন্য START বাটন চাপুন।
- কাফ এ চাপ পরার সাথে সাথে পরিমাপ নেয়া শুরু হবে। কাফ ইনফ্লেশন মিটারে পরিমাপ দেখবে। পরিমাপের সময় কাফ টাইট লাগাটা স্বাভাবিক।
- Note: ঠিকভাবে চাপ না লাগলে মেশিন পুনরায় চালু হবে।
- আপনি চাপ বন্ধ করতে চাইলে আবার START বাটন পুনরায় চাপুন।

- চাপ শেষ হলে প্রসারণ শুরু হবে স্বয়ংক্রিয়ভাবে এবং ♥ চিহ্ন ধপধপ করবে পরিমাপ চলছে বুঝানোর জন্য। যখন পাল্‌স নির্বাচিত হবে চিহ্নটি প্রতিটি পাল্‌স বিট দেখাবে।

• Note: চাপ যদি সঠিক না হয় মেশিন স্বয়ংক্রিয়ভাবে আবার চালু হবে।

- যখন পরিমাপ শেষ হবে সিস্টোলিক ও ডায়াস্টোলিক পরিমাপ পাল্‌স এর মাপসহ দেখাবে। পুরো প্রক্রিয়াটি পুনরায় দুবার করুন। দুটি মাপের মধ্যে ৫ মিনিট বিরতি দিন। ৩টি পরিমাপ নেয়া হলে কাফ খুলে ফেলুন এবং চাপ দিয়ে বাতাস বের করে দিন।

Display তে যদি `Err` দেখা যায়ঃ

- উত্তরদাতা হয়তো রক্তচাপ মাপার সময় বেশী নড়াচড়া করছেন। সিস্টোলিক থেকে ডায়াস্টোলিক এর Value 10mmHG এর মধ্যে

- রক্তচাপের মান চাপের সময় বাড়েনি।


সমাধানঃ কাফ আবার বাঁধুন এবং উত্তরদাতাকে বলুন স্থির হয়ে বসতে এবং পরিমাপ নিতে আবার চেষ্টা করুন।

যদি `Err CUF` দেখা যায়ঃ

- কাফ সঠিকভাবে বাধা হয়নি, অথবা কাফ বা মনিটর এ ছিদ্র রয়েছে।

সমাধানঃ পুনরায় কাফ বাধুন এবং নিশ্চিত হোন যে মনিটর ও কাফ এর সাথে সঠিকভাবে লাগানো হয়েছে এবং পুনরায় পরিমাপ নেয়ার চেষ্টা করুন।

5A



5B

